



আপনার প্রতি আমাদের আমন্ত্রণ

আমরা এই ব্রোশারের মাধ্যমে আপনার সঙ্গে কথা বলা উপভোগ করেছি। আমরা আশা করি যে, যিহোবার সাক্ষীদের সম্বন্ধে আরও বেশি জানতে পেরে আপনি খুশি হয়েছেন। দয়া করে আমাদের স্থানীয় কিংডম হলে আসার জন্য আমাদের আমন্ত্রণ গ্রহণ করুন। দেখুন যে, আমাদের সভাগুলো কীভাবে পরিচালিত হয়। খ্রীষ্টের অধীনে এক পরমদেশের সুসমাচার অন্যদের জানানোর জন্য আমরা কতখানি চেষ্টা করি, তা দেখুন।

ঈশ্বর এটা প্রতিজ্ঞা করেছেন। “তঁহার প্রতিজ্ঞা অনুসারে আমরা এমন নূতন আকাশমন্ডলের ও নূতন পৃথিবীর অপেক্ষায় আছি, যাহার মধ্যে ধার্মিকতা বসতি করে।” (২ পিতর ৩:১৩) শত শত বছর কেটে গেছে। অপেক্ষার পালা শেষ হতে চলেছে। জগতের অবস্থা দেখে তা-ই বোঝা যায়।

“তোমরা সেই দিন যত অধিক সন্নিকট হইতে দেখিতেছ,” প্রেরিত পৌল বলেছিলেন, ‘পরস্পর মনোযোগ কর, যেন প্রেম ও সৎক্রিয়ার সম্বন্ধে পরস্পরকে উদ্দীপিত করিয়া তুলিতে পার; এবং আপনারা সমাজে সভাস্থ হওয়া পরিত্যাগ না কর।’ (ইব্রীয় ১০:২৪, ২৫) আমাদের সঙ্গে সমবেত হয়ে পৌলের উপদেশ শোনার জন্য আমরা আপনাকে আমন্ত্রণ জানাই।

